গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

সেপ্টেম্বর/২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী (৫ম সভা)

পতি ঃ জনাব মোঃ মাহমুদুর রহমান খোন্দকার, প্রশাসক, উপজেলা পরিষদ, দিরাই
র স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
র তারিখ ও সময় ঃ ১২/০৯/২০২৪, বেলা- ১০:০০ ঘটিকা।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত

| বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১) বিগত সভার র্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার, দিরাই বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| ২) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা ঃ | উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত আগস্ট/২০২৪ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপ: | প্রশাসক, উপজেলা পরিষদ, দিরাই/ উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

| আয় | | | ব্যয় | | |
|---|---|---|---|---|---|
| ক্র:নং | বিবরণ | টাকা | ক্র:নং | বিবরণ | টাকা |
| ১. | প্রারম্ভিক জের | ৯৮,৬৫৩/৪৫ | ১ | অফিস সহায়কদ্বয়ের ও সুইপারের আগস্ট/২৪ মাসের বেতন | ৩৩,০০০/- |
| ২. | বাসা ভাড়া বাবদ প্রাপ্য | ৬৪,১০০/- | ২. | উপজেলা পরিষদের আগস্ট/২৪ মাসের আনুষঙ্গিক বিল প্রদান | ৫,০০০/- |
| ৩. | সাব-রেজিষ্ট্রার হতে ১% | ৩,৯২,৯৯৬/২৫ | ৩. | উপজেলা পরিষদের আগস্ট/২৪ মাসের আপ্যায়ন বিল প্রদান | ৩০,০০০/- |
| ৪. | হাট-বাজার উন্নয়ন তহবিলের ৪১% হতে প্রাপ্ত | ১১,৫৪,২৫১/- | ৪. | উপজেলা পরিষদের আঙ্গিনার ময়লা আবর্জনা পরিস্কার ও পুকুর পরিষ্কার বাবদ ব্যয় | ৯৯,০০০/- |
| ৫. | -- | -- | ৫. | উপজেলা পরিষদের ১টি চেয়ারক্রয় ও ১টি গ্লাস ক্রয় বাবদ ব্যয় | ৩৭,০০০/- |
| ৬. | | | ৬. | উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামত ও টায়ারক্রয় বাবদ ব্যয় | ৫০,০০০/- |
| ৭. | | | ৭. | উপজেলা পরিষদের জীপগাড়ির ১৩আগস্ট২০২৪ তারিখ পর্যন্ত সময়ের জ্বালানী বিল বাবদ | ৬,৩৬০/- |
| ৮. | | | ৮ | উপজেলা পরিষদ ভবনের সৌর বিদ্যুৎ স্থাপন বাবদ ব্যয় | ১,৬৫,০০০/- |
| আগস্ট/২৪ মাসের আয়- | | ১৬,১১,৩৪৭/২৫ | আগস্ট/২৪ মাসের মোট ব্যয়- | | ৪,২৫,৩৬০/- |
| সর্বমোট আয়- | | ১৭,১০,০০০/৭০ | সর্বমোট ব্যয়- | | ৪,২৫,৩৬০/- |
| সমাপনী স্থিতি- ১২,৮৪,৬৪০/৭০ | | | | | |

উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের বিগত মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।



Scanned With Scanner App Lite

| | | |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে জানান। তিনি জানান গরমের তীব্রতা বৃদ্ধি পাওয়ায় রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। হাসপাতালে ধারণ ক্ষমতার চেয়ে রোগীর সংখ্যা বেশি। এই গরমে যখন বিদ্যুৎ থাকে না তখন রোগীদের খুবই কষ্ট হয়। তাই উপজেলা পরিষদ হতে সৌর বিদ্যুৎ প্রদানের জন্য সভায় অনুরোধ জানান। এছাড়াও তার বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে জানান।<br><br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। সেই সাথে উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচি হতে আইন ও বিধি মোতাবেক হাসপাতালে সৌর বিদ্যুৎ প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ, দিরাই/উপজেলা প্রকৌশলী, দিরাই/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি জানান উপজেলা কৃষি অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই সভার দৃষ্টি আকর্ষণ করে জানান অত্র উপজেলায় পাখির অভয়ারণ্য তৈরি করা ও পাখি নিধন বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসক, দিরাই পৌরসভা, অফিসার ইনচার্জ, দিরাই থানা, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়।<br>(খ) সেই সাথে পাখি নিধন বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসক, দিরাই পৌরসভা, অফিসার ইনচার্জ, দিরাই থানা ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।<br>(গ) পাখির অভয়ারণ্য তৈরির বিষয়ে পরবর্তী সভায় প্রস্তাব পেশ করার জন্য প্রশাসক, দিরাই পৌরসভা, সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | প্রশাসক, দিরাই পৌরসভা/ উপজেলা কৃষি অফিসার, দিরাই ও চেয়ারম্যান, ইউ/পি (সকল), দিরাই |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তিনি জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দিরাই |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। উপজেলা মৎস্য অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিভাগীয় কার্যক্রমের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিভাগীয় কার্যক্রমের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা দিরাই |
| উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি জানান দীর্ঘ প্রায় ৪০ (চল্লিশ) বছর পূর্বে উপজেলা পরিষদ এর মাধ্যমে কুলঞ্জ ইউনিয়নের আওতাধীন তারাপাশা বাজারের পাশে ফুট ওভার ব্রীজ নির্মাণ করা হয়েছিল। বর্তমানে ব্রীজটি চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। ঘূর্ণিঝড় রেমাল এর প্রভাবে পানি বৃদ্ধি পেয়ে অস্থায়ী ভাবে নির্মিত বাশের ব্রীজটিও ভেঙ্গে চলে গেছে। এতে গাড়ি এবং নৌকা চলাচল বন্ধ হয়ে আছে। ফলে জনদুর্ভোগের সৃষ্টি হয়েছে। বর্তমানে ব্রীজটি বিধি মোতাবেক নিলাম প্রক্রিয়ায় অপসারণ করা প্রয়োজন। নিলামের জন্য ব্রীজটির প্রাক্কলিত মূল্য ধরা হয়েছে- ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। তিনি আরও জানান উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের নিচ তলায় অবস্থিত সম্মেলন কক্ষের সৌর বিদ্যুৎ টি দীর্ঘ দিন যাবৎ অচলাবস্থায় পড়ে আছে। এই তীব্র গরমে সভা করা কষ্টকর হয়ে পড়েছে তাই উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সম্মেলন কক্ষের জন্য ০১(এক) সেট সৌর বিদ্যুৎ এর ব্যাটারী এবং ইনভারেটার স্থাপন করার জন্য ০২টি ব্যাটারী ক্রয় বাবদ (২৫,০০০+২৫,০০০)= ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা) এবং ০১টি ইনভারেটার ক্রয় বাবদ- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের অনুমোদনের জন্য সভায় অনুরোধ জানান। তিনি সভার দৃষ্টি আকর্ষণ করে জানান গণঅভ্যুত্থান পরবর্তী উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতিসহ পরিষদের কার্যক্রম গতিশীল ও স্বাভাবিক রাখার স্বার্থে অত্র উপজেলায় সরকার কর্তৃক মোতায়েনকৃত বাংলাদেশ সেনাবাহিনীর সদস্যদের আবাসন ব্যবস্থা, দাপ্তরিক কার্যক্রম পরিচালনা ও নিয়মিত টহল কার্যক্রমের সহায়তায় ব্যয় নির্বাহের তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করার জন্য- ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা ব্যয় হয়েছে। বর্ণিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর (ঘ) অপ্রত্যাশিত খাত হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। সেই সাথে উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত ফটোকপি মেশিন মেরামত | উপজেলা প্রকৌশলী, দিরাই |

| | | |
|---|---|---|
| | বাবদ- ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। এছাড়াও তার বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** কুলন্ড ইউনিয়নের আওতাধীন তারাপাশা বাজারের পাশে ফুট ওভার ব্রীজটি আইন ও বিধিমোতাবেক অপসারণ করার জন্য দাখিলকৃত প্রাক্কলনটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন দেওয়া হয়।<br>(২) উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের নিচ তলায় অবস্থিত সম্মেলন কক্ষের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর (দ) খাত হতে ০১(এক) সেট সৌর বিদ্যুৎ এর ব্যাটারী এবং ইনভারেটার স্থাপন করার জন্য একটি ব্যাটারীর ক্রয় বাবদ-২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ও অপর একটি ব্যাটারীর ক্রয় বাবদ-২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এবং একটি ইনভারেটার ক্রয় বাবদ- ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পৃথক পৃথক ভাউচারে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩) গণঅভ্যুত্থান পরবর্তী উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতিসহ পরিষদের কার্যক্রম গতিশীল ও স্বাভাবিক রাখার স্বার্থে অত্র উপজেলায় সরকার কর্তৃক মোতায়েনকৃত বাংলাদেশ সেনাবাহিনীর সদস্যদের আবাসন ব্যবস্থা, দাপ্তরিক কার্যক্রম পরিচালনা ও নিয়মিত টহল কার্যক্রমের সহায়তায় ব্যয় নির্বাহের তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করার জন্য ব্যয়িত ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর (ঘ) অপ্রত্যাশিত খাত হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৪) উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত ফটোকপি মেশিন মেরামত বাবদ ব্যয়িত- ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ (ঞ) খাত হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৫) বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাইকে অনুরোধ জানান। | |
| শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তিনি জানান শিক্ষা বিভাগের বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার, দিরাই |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তিনি জানান সমাজসেবা বিভাগের বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তিনি জানান মাধ্যমিক শিক্ষা বিভাগের বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচলনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিরাই, সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তরিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিরাই'কে অনুরোধ জানানো হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তরিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তিনি জানান যুব উন্নয়ন বিভাগের বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই |
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, দিরাই |



৫

Scanned With Scanner App Lite

| | | |
|---|---|---|
| | **সিদ্ধান্ত ঃ** বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা সমবায় অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। | |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা মহিলা বিষয়ক বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই |
| বন বিভাগ | উপজেলা ফরেষ্টার/ডেপুটি রেঞ্জার, দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা ফরেষ্টার/ডেপুটি রেঞ্জার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা ফরেষ্টার/ডেপুটি রেঞ্জার, দিরাই |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দিরাই, সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই |
| বিএডিসি (সেচ) | সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ) দিরাই |
| বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | উপ-সহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর দপ্তরের সকল বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপ-সহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই |
| তথ্যসেবা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর দপ্তরের সকল বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্যসেবা কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই |
| বিবিধ | (ক) উপজেলা প্রকৌশলী, দিরাই সভার দৃষ্টি আকর্ষণ করে জানান, লোকাল এডাপটেশন প্লেন অফ একশন (লাপা) থেকে প্রস্তাবগুলির তালিকার ভিত্তিতে নিম্নলিখিত প্রকল্পগুলো লজিক এর অধীনে বাস্তবায়নের জন্য চিহ্নিত করা হয়েছে: "৫নং দিরাই সরমঙ্গল ইউনিয়নের ৬নং ওয়ার্ড রাঙ্গামাটিয়া হাটিতে হাটি রক্ষা প্রাচীর নির্মাণ প্রকল্প" এবং "১নং রফিনগর ইউনিয়নের ৫নং ওয়ার্ড মির্জাপুর হাটিতে হাটি রক্ষা প্রাচীর নির্মাণ" প্রকল্পের কাজ উপজেলা পরিষদের জন্য Performance Based Climate Resilience Grant (PBCRG) এর ২০২৩-২০২৪ অর্থ বছরের চূড়ান্ত বরাদ্দ ও ২০২৪-২০২৫ অর্থ বছরের ইন্ডিকেটিভ আর্থিক বরাদ্দ বাবদ অত্র দিরাই উপজেলায়- ৩৮,৯১,০৭৫/- (আটত্রিশ লক্ষ একানব্বই হাজার পঁচাত্তোর) টাকা পাওয়া গেছে। গত ৩১ জুলাই ২০২৪ তারিখে প্রকল্প কর্তৃক ৩০৫ নম্বর স্মারকের মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থ বছরের সুপারিশকৃত (PBCRG) স্কিমের তালিকায় ২০২৩-২৪ অর্থ বছরের স্কিমসমূহও অন্তর্ভুক্ত রয়েছে। এমতাবস্থায় উপরোক্ত অর্থ বরাদ্দ ব্যবহার করে সুপারিশকৃত স্কিমসমূহ বাস্তবায়নের কাজ দ্রুততার সাথে অগ্রায়নের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হয়েছে। তিনি আরও জানান লজিক প্রকল্পের আওতায় ন্যাশনাল এডাপটেশন প্লেন অফ একশন (লাপা) এর ২০২৪-২০২৮ পর্যন্ত ০৫(পাঁচ) বছরের জন্য উপজেলা পরিষদের পরিকল্পনা করা হয়েছে যা উপজেলা পরিষদের পরিকল্পনা বহি হিসেবে সভায় অনুমোদন প্রয়োজন। বিষয় দু'টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** আইন ও বিধি মোতাবেক প্রাপ্ত বরাদ্দ সমূহের আওতায় গৃহীত প্রকল্প সমূহ বাস্তবায়নের জন্য সভায় অনুরোধ জানানো হয়।<br>(২) লজিক প্রকল্পের আওতায় লোকাল এডাপটেশন প্লেন অফ একশন (লাপা) এর ২০২৪-২০২৮ পর্যন্ত ০৫(পাঁচ) বছরের জন্য উপজেলা পরিষদের পরিকল্পনা বহি হিসেবে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ, দিরাই/উপজেলা প্রকৌশলী, দিরাই |
| | (খ) উপজেলা প্রকৌশলী, দিরাই সভার দৃষ্টি আকর্ষণ করে জানান, উপজেলা পরিষদ ক্যাম্পাসের পানির পাম্পের বৈদ্যুতিক মিটার প্রিপেইড করা হয়েছে। পানির পাম্পের মিটার রিচার্জ বাবদ- ১০,০০০/- (দশ হাজার) টাকা, | প্রশাসক, উপজেলা পরিষদ, দিরাই |



Scanned With Scanner App Lite

| | | |
|---|---|---|
| | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষের মিটার রিচার্জ বাবদ- ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং উপজেলা পরিষদ অফিসের মিটার রিচার্জ বাবদ- ১০,০০০/- (দশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত :** উপজেলা পরিষদ ক্যাম্পাসের পানির পাম্পের মিটার রিচার্জ বাবদ- ১০,০০০/- (দশ হাজার) টাকা, উপজেলা পরিষদ সম্মেলন কক্ষের মিটার রিচার্জ বাবদ- ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং উপজেলা পরিষদ অফিসের মিটার রিচার্জ বাবদ- ১০,০০০/- (দশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর (ঢ) খাত হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মাহমুদুর রহমান খোন্দকার)
প্রশাসক
উপজেলা পরিষদ, দিরাই
সুনামগঞ্জ।

স্মারক নং- ০৫.৬০.৯০২৯.০০০.১০.০০১.১২-৪৯(৫০)

তারিখ : ১২/০৯/২০২৪

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ
০৫। প্রশাসক, দিরাই পৌরসভা, সুনামগঞ্জ
০৬। উপজেলা ------------------------------------------------------------- অফিসার (সংশ্লিষ্ট সকল), দিরাই
০৭। চেয়ারম্যান------------------------------------------------------------- ইউ/পি (সকল), দিরাই
০৮। অফিস নথি/মাস্টার ফাইল।

(মোঃ মাহমুদুর রহমান খোন্দকার)
উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।



Scanned With Scanner App Lite